



# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

সূত্র নং ২৮.১৬.৯১০০.০০৬.০৬.০০১.২২/

তারিখঃ ২৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়ঃ জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ২০২২-২৩ অর্থবছরে ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী  
মহাব্যবস্থাপক (বিপণন দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, সিলেট।

তারিখ : ২৫-০৯-২০২২

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : কমিটি কক্ষ, জেজিটিডিএসএল, প্রধান কার্যালয়, গ্যাসভবন, মেন্দিবাগ, সিলেট।

উপস্থিতি : তালিকা সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় কোম্পানীতে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চা এবং কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় নির্ধারণে নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক আলোচনা করা হয়ঃ

ক) কোম্পানির বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জনে উদ্ভাবন প্রস্তাবনা সমূহ বাস্তবায়নে গৃহীতব্য প্রয়োজনীয় পদক্ষেপ সমূহ ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	ইনোভেশন কমিটি পুনর্গঠন।	ইনোভেশন কমিটির একজন কর্মকর্তা এলপিআর-এ গমন ও অপর একজন জন কর্মকর্তা-কে ঢাকা লিয়াজো অফিসে বদলি করায় নতুন কর্মকর্তা অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠন এর বিষয়ে আলোচনা করা হয়।	কমিটি পুনর্গঠন এর বিষয়ে নথি উপস্থাপন করে কমিটি পুনর্গঠন এর ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা ইনোভেশন টিম।
২.২	সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং ৪.১ ও ৫.১ অনুযায়ী যথাক্রমে সভা/কর্মশালা ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, গত ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সক্ষমতা বৃদ্ধি” শীর্ষক একটি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অবশিষ্ট সভা/কর্মশালা যথা সময়ের মধ্যে সম্পন্ন বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী ২য় ত্রৈমাসিক ( অক্টোবর-ডিসেম্বর ২০২২) এর ভিতরে একটি সভা/কর্মশালা ও একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম ও প্রশিক্ষণ শাখা।

২.৩	সেরা উদ্ভাবনী ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের সম্মাননা প্রদান।	চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত সেরা উদ্ভাবনী ধারণা প্রদানকারীদের সম্মাননা প্রদান বিষয়ে আলোচনা করা হয়।	আগামী ২য় ত্রৈমাসিক ( অক্টোবর- ডিসেম্বর'২২) এর ভিতরে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ অনুষ্ঠানে চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্ত সেরা ৩জন উদ্ভাবনী ধারণা প্রদানকারীদের সম্মাননা প্রদান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	ইনোভেশন টিম।
-----	---	---	--	--------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌ. মনজুর আহমদ চৌধুরী)

মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)

ও

ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম

#### বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক(বিপণন-উত্তর/প্রশাসন), জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। ইনোভেশন টিমের সকল সদস্য, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

#### অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ, গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
- ২। দপ্তর নথি।